দৈনিক ইনকিলাব

তারিখ JUL 4 1999
পৃষ্ঠা ৬ কলাম ৫

180

## দূরশিক্ষণে এমএড কোর্সে প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষকের অগ্রাধিকর প্রসঙ্গে

শিক্ষক প্রশিক্ষণ ছাত্র-ছাত্রীদের পড়ালেখার মান উন্নয়ন তথা যুগোপযোগী শিক্ষাদানে প্রধান ভূমিকা পালন করে। সেই হিসেবে মাধ্যমিক স্তরের প্রত্যেক শিক্ষক/শিক্ষিকাকে অবশ্যই বিএড প্রশিক্ষণ গ্রহণ করা উচিত। বিগত কয়েক বছর থেকে উন্মুক্ত বিশ্ববিদ্যালয় দূরশিক্ষণের মাধ্যমে শিক্ষক/শিক্ষিকাগণকে বি-এড প্রশিক্ষণ দিয়ে আসছেন যা শিক্ষকদের প্রশিক্ষণ গ্রহণকে অতি সহজতর করে দিয়েছে। সম্প্রতি উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এমএড কোর্স চালু করেছে। উক্ত কোর্সের ভর্তি ফরমে শিক্ষক এবং অশিক্ষক দু'টি কলাম রয়েছে। আমার মতে এমএড যেহেতু শিক্ষক প্রশিক্ষণের উচ্চতর ডিগ্রী সেই হিসেবে শিক্ষক কলামে প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষকগণকে অগ্রাধিকার দেয়া উচিত। কারণ প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষক হলেন বিদ্যালয়ের মূল চালিকাশক্তি। প্রধান শিক্ষক উচ্চতর ডিগ্রী অর্জন করতে পারলে তার ফল সহকারী শিক্ষকগণ অবশ্যই পাবেন। কিন্তু একজন সহকারী শিক্ষকের পক্ষে প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষককে জ্ঞান দান সম্ভব নয়। তাই উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের কর্তৃপক্ষের নিকট আমার বিনীত অনুরোধ, এমএড ভর্তি ফরমে যেন শিক্ষকের ক্যাটাগরী উল্লেখ করে দেয়া হয় এবং প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষকগণকে অগ্রাধিকার দেয়া হয়।

—প্রধান শিক্ষক (ভাঃ প্রাঃ),
ডেল্টা জুট মিলস্ হাই স্কুল,
চৌমুহনী, বেগমগঞ্জ, নোয়াখালী।